সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা
প্রথম অধ্যায় মন্ত্রণালয় পরিচিতি	০১-৪৬
দ্বিতীয় অধ্যায় স্বাস্থ্য অধিদপ্তর	৪৭-৬৭
তৃতীয় অধ্যায় পরিবার পরিকল্পনা অধিদপ্তর	৬৮-৮২
চতুর্থ অধ্যায় জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)	৮৩-৮৪
পঞ্চম অধ্যায় ঔষধ প্রশাসন অধিদপ্তর	৮৫-৮৬
ষষ্ঠ অধ্যায় স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	৮৭-৯২
সপ্তম অধ্যায় সেবা পরিদপ্তর	৯৩-৯৭
অষ্টম অধ্যায় ন্যাশনাল ইলেকট্রো-মেডিকেল ইকুইপমেন্ট মেইন্টেন্যান্স ওয়ার্কশপ এন্ড ট্রেনিং সেন্টার (নিমিউ এন্ড টিসি)	৯৮
নবম অধ্যায় যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ সংস্থা (টেমো)	৯৯-১০১
দশম অধ্যায় মেডিকেল কলেজ ও হাসপাতাল	১০২-১৫৪
একাদশ অধ্যায় রিভাইটালাইজেশন অব কমিউনিটি হেলথ কেয়ার ইনিশিয়েটিভ ইন বাংলাদেশ (আরসিএইচসিআইবি)	১৫৫-১৬০
দ্বাদশ অধ্যায় জাতীয় পুষ্টি কার্যক্রম (এনএনপি)	১৬১-১৬৮
ত্রয়োদশ অধ্যায় স্বাস্থ্য অর্থনীতি ইউনিট ও জিএনএসপি ইউনিট	১৬৯-১৭২
চতুর্দশ অধ্যায় মানব সম্পদ উন্নয়ন ইউনিট	১৭৩-১৭৯
পঞ্চদশ অধ্যায় সামাজিক স্বাস্থ্য বীমা (Social Health Insurance)	১৮০-১৮২

ত্রয়োদশ অধ্যায়

স্বাস্থ্য অর্থনীতি ইউনিট ও জিএনএসপি ইউনিট

পরিচিতি

বাংলাদেশে স্বাস্থ্যসেবা মানসম্পন্ন, ব্যয় সাশ্রয়ী ও সহজলভ্য করার লক্ষ্যে ১৯৯৪ সালে প্রথমবারের মত স্বাস্থ্য অর্থনীতি পলিসি এনালাইসিস্ কার্যক্রম প্রবর্তনের জন্য চতুর্থ জনসংখ্যা ও স্বাস্থ্য প্রকল্পের অধীনে স্বাস্থ্য অর্থনীতি ইউনিট শীর্ষক প্রকল্পের যাত্রা শুরু হয়। ১৯৯৮ সালের জুনে প্রকল্পের মেয়াদ শেষে এ খাতে কৌশলগত বিনিয়োগের লক্ষ্যে স্বাস্থ্য অর্থনীতি পলিসি এনালাইসিস্ পরিচালনায় সক্ষমতা বৃদ্ধি ও ব্যাপক ব্যবহারের জন্য স্বাস্থ্য অর্থনীতি বিষয়ক কার্যক্রমকে সু-সমন্বিত ও সুসংগঠিত করার লক্ষ্যে স্বাস্থ্য ও জনসংখ্যা সেক্টর কর্মসূচি এবং পরবর্তীতে স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা সেক্টর কর্মসূচিতে স্বাস্থ্য অর্থনীতি কার্যক্রম অব্যাহত রাখা হয়। এ ইউনিটের মূল কাজ হচ্ছে- স্বাস্থ্য সেবায় অর্থায়ন, মানবৃদ্ধি, উন্নততর ব্যবস্থাপনা, ব্যয় সাশ্রয়ী কর্মসূচি গ্রহণ, আর্থিক মূল্যায়ন সম্পর্কিত বিভিন্ন নীতি ও কর্মকৌশল প্রণয়নের তথ্য উপাত্ত সংগ্রহ, বিশ্লেষণ, গবেষণা কার্যক্রম পরিচালনা, কার্যক্রম মূল্যায়নপূর্বক কার্যকরী ও ব্যয় সাশ্রয়ী নীতি ও কৌশলসমূহ গ্রহণের প্রস্তাব এবং বিদ্যমান নীতি পর্যালোচনা ও হালনাগাদকরণ। এ কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষাকল্পে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামোতে স্বাস্থ্য অর্থনীতি ইউনিট-কে রাজস্ব খাতে স্থানান্তরের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

অন্যদিকে ১৯৯৯ সালের জুলাইতে স্বাস্থ্য ও জনসংখ্যা সেক্টর কর্মসূচির আওতায় তৎকালীন পলিসি রিসার্চ অপারেশনাল প্ল্যানের অন্যতম কম্পোনেন্ট হিসেবে জেন্ডার, এনজিও এন্ড স্টেকহোল্ডার পার্টিসিপেশন (জিএনএসপি) ইউনিট কার্যক্রম শুরু হয়। এ ইউনিটের মূল কাজ হলো-স্বাস্থ্য ও জনসংখ্যা সেক্টরে জেন্ডার সমতা সম্পর্কিত তথ্য প্রবাহ শক্তিশালীকরণ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবার ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে স্টেকহোল্ডারদের অংশগ্রহণ নিশ্চিতকরণ ও এ বিষয়ক বিদ্যমান নীতিমালা পর্যালোচনা ও হালনাগাদকরণ। শুরু থেকে জিএনএসপি ইউনিট উল্লিখিত কার্যক্রম সফলতার সাথে পরিচালনা করে যাচ্ছে। আগামী ১লা জুলাই ২০১১ হতে শুরু হওয়া পরবর্তী সেক্টর কর্মসূচিতেও ইউনিটের কার্যক্রম যথাযথভাবে চলমান রাখতে ইউনিটের সংশ্লিষ্ট সকলেই আন্তরিকভাবে সচেষ্ট থাকবে।

কর্মপরিধি

সামগ্রিক স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা সেক্টর কার্যক্রমের জন্য প্রয়োজনীয় নীতি নির্ধারণী বিষয়ক গবেষণা, সম্পদ নির্ধারণ, সম্পদ আহরণ, সামগ্রিক অর্থনীতিতে স্বাস্থ্য সেক্টরের অবস্থান ও ভূমিকা নির্ণয় ইত্যাদি বিষয়ে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণপূর্বক নীতি নির্ধারণে সুপারিশ ও সহায়তাকরণ। স্বাস্থ্য ও জনসংখ্যা সেক্টরে স্বাস্থ্য অর্থনীতির প্রয়োগ, কার্যকরী ও ব্যয় সাশ্রয়ী স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা প্রদানের জন্য বিভিন্ন নীতি ও কৌশলসমূহ প্রস্তাব, বিকল্প সেবার অর্থায়ন ও পরিকল্পনা সংক্রান্ত প্রমাণভিত্তিক গবেষণা ও সমীক্ষা পরিচালনা এবং বিদ্যমান নীতি পর্যালোচনা ও হালনাগাদকরণ। অধিকন্তু কর্মপরিধির আওতায় আরও উল্লেখযোগ্য বিষয় হলো

স্বাস্থ্য ও জনসংখ্যা সেক্টরে জেন্ডার সমতা বিধানকল্পে কর্মকৌশল প্রস্তাব, বেসরকারি ও এনজিও ব্যবস্থাপনায় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনার মান ও সেবা সম্পর্কিত তথ্য প্রবাহ শক্তিশালীকরণ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবার ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠাকল্পে স্টেকহোল্ডারগণের অংশগ্রহণ নিশ্চিতকরণ ও এতদসংক্রান্ত বিদ্যমান নীতিমালা পর্যালোচনা ও হালনাগাদকরণ।

এ লক্ষ্যে স্বাস্থ্য অর্থনীতি ইউনিট ও জিএনএসপি ইউনিট নিম্নোক্ত কাজ চালিয়ে যাচ্ছে-

- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে বিভিন্ন বিষয়ে পলিসি উপস্থাপন
- স্বাস্থ্য অর্থনীতিতে জনশক্তির সক্ষমতা বৃদ্ধিতে স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণের আয়োজন
- গবেষণা ও উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনা
- জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ওয়ার্কশপ, সেমিনার ও কনফারেন্স এর মাধ্যমে জ্ঞান বৃদ্ধিকরণ ও অভিজ্ঞতা বিনিময়করণ।

স্বাস্থ্য অর্থনীতি ইউনিট ও জিএনএসপি ইউনিটের জনবল তথ্য

পদের নাম	শ্রেণী	জাতীয় বেতন স্কেল/২০০৯	গ্রেড	পদের সংখ্যা	মন্তব্য
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট					স্বাস্থ্য অর্থনীতি ইউনিটে প্রকল্পের অধীনে নিয়োজিত ১৫টি জনবল ০১/০৭/২০১১ হতে রাজস্ব খাতে স্থানান্তর ও ১৪টি পদ রাজস্ব খাতে সৃজন প্রক্রিয়াধীন আছে।
যুগ্মপ্রধান	১	২৯০০০-৩৫৬০০/-	৩	০১	
উপপ্রধান	১	২২২৫০-৩১২৫০/-	৫	০১	
সিনিয়র সহকারী প্রধান	১	১৮৫০০-২৯৭০০/-/১১০০০-২০৩৭০/-	৯/৬	০৩	
প্রশাসনিক কর্মকর্তা	২	১১০০০-২০৩৭০/-	৯	০১	
		উপ মোট :		০৬	
স্টেনোগ্রাফার/পি.এ	৩	৫৫০০-১২০৯৫/-/৮০০০-১৬৫৪০/-	১৩/১০	০৩	
হিসাবরক্ষক	৩	৬৪০০-১৪২৫৫/-	১১	০১	
কম্পিউটার অপারেটর	৩	৫৫০০-১২০৯৫/-/৬৪০০-১৪২৫৫/-	১৩/১১	০৩	
ক্যাশিয়ার	৩	৫২০০-১১২৩৫/-	১৪	০১	
স্টোর কিপার	৩	৫২০০-১১২৩৫/-	১৪	০১	
গাড়ী চালক	৩	৪৯০০-১০৪৫০/-	১৬/১৫	০২	
এমএলএসএস	৪	৪১০০-৭৭৪০/-	২০	০৫	
সুইপার	৪	৪১০০-৭৭৪০/-	২০	০১	
		উপ মোট :		১৭	
		মোট :		২৩	
জিএনএসপি ইউনিট					
উপপ্রধান	১	২২২৫০-৩১২৫০/-	০৫	০১	
সিনিয়র সহকারী প্রধান	১	১৮৫০০-২৯৭০০/-/১১০০০-২০৩৭০/-	৯/৬	০৩	
		উপ মোট :		০৪	
স্টেনোগ্রাফার	৩	৫৫৫০-১২০৯৫/-	১৩	০১	
কম্পিউটার অপারেটর	৩	৫৫৫০-১২০৯৫/-/৮০০০-১৬৫৪০/-	১৩/১১	০৩	
গাড়ী চালক	৩	৪৯০০-১০৪৫০/-	১৫	০১	
এমএলএসএস	৪	৪১০০-৭৭৪০/-	২০	০৩	
		উপ মোট :		০৮	
		মোট :		১২	
		স্বাস্থ্য অর্থনীতি + জিএনএসপি সর্বমোট :		৩৫	

উন্নয়ন খাতে স্বাস্থ্য অর্থনীতি ইউনিট এর অর্গানোগ্রাম



২০০৮-০৯ ও ২০০৯-১০ অর্থবছরে স্বাস্থ্য অর্থনীতি ইউনিট ও জিএনএসপি ইউনিট কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কর্মকান্ডের প্রতিবেদন।

২০০৮-০৯ অর্থবছরে এডিপি বরাদ্দ ৬.৯৫ কোটি টাকা ও ব্যয় ৫.৬৬ কোটি টাকা।

ক্রমিক নং	কর্মকাণ্ড	বাস্তবায়ন সংখ্যা/অবস্থা	মন্তব্য
১	Public Expenditure Review (PER) স্টাডি	১(এক) টি	সম্পন্ন হয়ে রিপোর্ট প্রকাশিত হয়েছে
২	Bangladesh National Health Accounts-111 স্টাডি (চলমান)	১(এক) টি	স্টাডিটি পুরো সম্পন্ন হয়নি
৩	হেলথ্ ইকোনমিক্স ও জেন্ডার বিষয়ক স্থানীয় প্রশিক্ষণ	৯ (নয়) টি	মন্ত্রণালয়, অধীনস্থ অধিদপ্তর ও পরিদপ্তরের সংশ্লিষ্ট ১৮৮ জন কর্মকর্তা প্রশিক্ষণ নিয়েছেন।
৪	হেলথ্ ইকোনমিক্স ও জেন্ডার ইস্যু বিষয়ে দুটি স্বল্পমেয়াদী বৈদেশিক প্রশিক্ষণ	২(দুই) টি	মন্ত্রণালয়, অধীনস্থ অধিদপ্তর ও পরিদপ্তরের সংশ্লিষ্ট ১১ জন কর্মকর্তা বৈদেশিক প্রশিক্ষণ নিয়েছেন
৫	হেলথ্ ইকোনমিক্স ও জেন্ডার বিষয়ক স্টাডিসমূহের উপর সেমিনার, ওয়ার্কশপ ও কনফারেন্স	৪(চার) টি	মন্ত্রণালয়, অধীনস্থ অধিদপ্তর ও পরিদপ্তরের সংশ্লিষ্ট ১৫০ জন কর্মকর্তা অংশ গ্রহণ করেছেন।

২০০৯-১০ অর্থবছরে এডিপি বরাদ্দ ৭.১০ কোটি টাকা ও ব্যয় ৭.০১ কোটি টাকা।

ক্রমিক নং	কর্মকাণ্ড	বাস্তবায়ন সংখ্যা/অবস্থা	মন্তব্য
১	Incentives to Improve Retention and Per Performance of Public Sector Doctors and Nurses in Bangladesh শীর্ষক স্টাডি	১(এক) টি	রিপোর্ট প্রকাশিত হয়েছে।
২	Costing of Maternal health Services in Bangladesh' শীর্ষক স্টাডি	১(এক) টি	রিপোর্ট প্রকাশিত হয়েছে।
৩	Economic Evaluation of Demandside Financing (DSF) Program for Maternal Health in Bangladesh' শীর্ষক স্টাডি	১(এক) টি	রিপোর্ট প্রকাশিত হয়েছে।
৪	Bangladesh National Health Accounts-III স্টাডি	১(এক) টি	রিপোর্ট প্রকাশিত হয়েছে।
৫	হেলথ্ ইকোনমিক্স ও জেন্ডার বিষয়ক স্থানীয় প্রশিক্ষণ	৪(চার) টি ৮(আট) টি	মন্ত্রণালয়, অধীনস্থ অধিদপ্তর ও মন্ত্রণালয়, অধিদপ্তর ও পরিদপ্তরের সংশ্লিষ্ট ১৯৬ জন কর্মকর্তা প্রশিক্ষণ নিয়েছেন।
৬	হেলথ্ ইকোনমিক্স ও জেন্ডার বিষয়ক স্টাডির উপর সেমিনার, ওয়ার্কশপ ও কনফারেন্স	১০(দশ) টি	মন্ত্রণালয়, অধিদপ্তর ও পরিদপ্তরের সংশ্লিষ্ট ৪০০ জন কর্মকর্তা অংশ গ্রহণ করেছেন।